

কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্পের আওতায় ক্লাব ম্যানেজমেন্ট (সি. এম. সি) কমিটির ২০২৬

সালের ১ম সভার কার্যবিবরণীঃ

সভাপতি : মনিষা রানী কর্মকার  
উপজেলা নির্বাহী অফিসার, শিবালয়, মানিকগঞ্জ।  
সভার স্থান : উপজেলা নির্বাহী অফিসারের সভাকক্ষ, শিবালয়, মানিকগঞ্জ।  
সভার তারিখ ও সময় : ১৭/০৫/২০২৬ খ্রি. সময়ঃ সকাল ১১.৩০ টা  
সভায় উপস্থিত সদস্যদের হাজিরা পরিশিষ্ট 'ক' তে দেখানো হয়েছে।

সভার আলোচ্যসূচী : ১) বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন  
২) শিমুলিয়া ইউনিয়নের সংগীত শিক্ষক দিপা বিশ্বাস চাকরি হতে অব্যাহতি দেয়ার জন্য তার স্থলাভিষিক্ত  
০১ জন সংগীত শিক্ষক নিয়োগের জন্য প্যানেল প্রস্তুতকরণ।  
৩) বিবিধ।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান। এতে কোন সংশোধনী না থাকায় তা সর্ব সম্মতিক্রমে অনুমোদন করা হয়।

সভাপতির অনুমতিক্রমে উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভাকে জানান যে, শিবালয় উপজেলার ০৭ টি ইউনিয়নে ০৭ টি কিশোর- কিশোরী ক্লাবে প্রতি ক্লাবে ৩০ জন করে সর্বমোট ২১০ জন সদস্যকে নিয়মিত উন্নত মানের নাস্তা প্রদান করা হচ্ছে। শিমুলিয়া ইউনিয়নের সংগীত শিক্ষক দিপা বিশ্বাস চাকরি হতে অব্যাহতি দেয়ার জন্য বর্তমানে উক্ত ক্লাবের প্রক্সি হিসেবে নির্জন মজুমদার ক্লাস পরিচালনার দায়িত্ব পালন করছেন। নতুন করে প্যানেল প্রস্তুত করে ০১ জন সংগীত শিক্ষক নিয়োগ প্রসঙ্গে বিস্তারিত আলোচনা করা হয়।


জনাব মোঃ রওশন আলী মন্ডল, উপজেলা সমাজ সেবা কর্মকর্তা, সভাকে অবহিত করেন যে, কিশোর কিশোরী ক্লাবের সদস্যদের মাধ্যমেও বাল্যবিবাহ এবং নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ করা সম্ভব। যেখানে বাল্যবিবাহ এবং নারী ও শিশু নির্যাতনের ঘটনা ঘটবে সেখানে কিশোর কিশোরী ক্লাবের সদস্য অথবা সংগীত ও আবৃত্তি শিক্ষকরা উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাকে অবহিত করে তা প্রতিরোধ করতে পারেন।

উপস্থিত সদস্যদের মধ্যে উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় উল্লেখ করেন যে, লেখাপড়ার পাশাপাশি কিশোর- কিশোরীদের সংগীত ও আবৃত্তি বিষয়ে সম্যক ধারণা অর্জন করতে হবে। তিনি আরো বলেন যে, প্রতিটি অভিভাবকের বাল্যবিবাহ, ইভটিজিং, যৌতুক, নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ বিষয়ে সচেতন থাকতে হবে।

সিদ্ধান্তঃ শিমুলিয়া ইউনিয়নের সংগীত শিক্ষক দিপা বিশ্বাসের পরিবর্তে প্যানেল প্রস্তুতের মাধ্যমে ০১ জন সংগীত শিক্ষক নিয়োগ দেয়ার বিষয়ে কমিটির সকল সদস্য সহমত পোষণ করেন।

সভাপতি সভাকে অবহিত করেন যে, সরকারের এই প্রকল্পের উদ্দেশ্য বাস্তবায়নে সুষ্ঠু ও সুন্দরভাবে ক্লাবগুলো পরিচালনা করার জন্য সকলকে সার্বিক সহযোগিতা করতে হবে। নিয়মিত ক্লাবগুলো পরিদর্শন করে সমস্যাগুলো চিহ্নিত করে তা সমাধান করার জন্য ক্লাব ব্যবস্থাপনা কমিটির নিকট সুপারিশ করতে হবে।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে পুনরায় ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

  
১৭/০৫/২৬  
মনিষা রানী কর্মকার  
উপজেলা নির্বাহী অফিসার  
শিবালয়, মানিকগঞ্জ।

ও  
সভাপতি

উপজেলা কিশোর- কিশোরী ক্লাব ব্যবস্থাপনা কমিটি।